সম্প্রীতি

ডিসেম্বর,২০২১

"সামাজিক সংযোগ উন্নতিকরন প্রকল্প" এর কার্যক্রম সম্পর্কিত বুলেটিন। কক্সবাজারের উখিয়া এবং টেকনাফের রাজাপালং, হোয়াইক্যং, হ্নীলা ইউনিয়ন এবং রোহিঙ্গা ও স্থানীয়দের মধ্যে 'সামাজিক সংযোগ' উন্নয়নের লক্ষ্যে ইউএনএইচসিআর-এর সহযোগিতায় কোস্ট ফাউন্ডেশন এর মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।

## রোহিঙ্গা ক্যাম্পে সংলাপ আয়োজন

### "ক্যাম্পের ভিতরে বসবাসকারী ৩৮০টি স্থানীয় পরিবারকে ঘর বরাদ্দের জন্য আমরা মাননীয় প্রধানমন্ত্রীর কাজে আবেদন জানাতে পারি"– *mnKvix K¨v¤ú BbPvR Rbve iûj Kïm*




*K¨v¤ú 1 I ‡q÷ G Av‡qwRZ msjv‡c K¨v‡¤ú we`¨gvb mgm¨v mgvav‡b w`Kwb‡`kbvgjK eKe¨ c`vb Ki‡Q | Qwe- ‡gv: kvnvRvnvb*

- ক্ষোভ কমাতে এবং শান্তির্পূণ সহাবস্থান বজায় রাখতে ক্যাম্পের ভিতরে বসবাসকারী স্থানীয় জনগোষ্ঠীকে ঘর বা জমি বরাদ্দ  দেওয়ার জন্য প্রধানমন্ত্রীর কাছে আবেদন করতে পারি।
- ক্যাম্প ১-এর অভ্যন্তরে ৩৮০ টি জন স্থানীয় পরিবার সঠিক পরিচয়পত্র দেখালে ক্যাম্পের ভিতরে এবং বাইরে চলাফেরা করতে কোন অসুবিধা হবে না।
- ১৮৯ হল একটি টোল-ফ্রি নম্বর যা রোহিঙ্গা এবং স্থানীয় জনগোষ্ঠী উভয়ই আইনি সহায়তা চাইতে পারে।
- যদি স্থানীয় জনগোষ্ঠীর লোকেরা জমি দিতে পারে; ক্যাম্প প্রশাসন স্থানীয় জনগোষ্ঠীর শিশুদের জন্য স্কুল ঘর নির্মাণ করে দিতে পারবে।
- ইতিমধ্যে একটি ড্রেন নির্মাণ কাজ চলছে যাতে কোন বর্জ্য স্থানীয় জনগোষ্ঠীও চাষের জমিতে না পড়ে।

২০২১ সালের ২৩শে নভেম্বর, ইউএনএইচসিআর এর সহযোগিতায় কোস্ট ফাউন্ডেশন, ক্যাম্প ব্যবস্থাপনা, এপিবিএন, ক্যাম্পে মানবিক সেবা প্রদানকারী সকল এনজিও প্রতিনিধি, সাংবাদিক, ইউপি সদস্য, রোহিঙ্গা নেতা এবং স্থানীয় জনগোষ্ঠীর লোকদের মধ্যে একটি সংলাপের আয়োজন করে। গত ২৯শে সেপ্টেম্বর রোহিঙ্গা এবং স্থানীয় জনগোষ্ঠীর মধ্যে সংলাপে ক্যাম্পে বিদ্যমান সমস্যার সমাধান বা সমস্যার বিপরীতে কি কি ধরনের র্কাযক্রম হাতে নেওয়া যায় সেসব বিষয়ে আলোচনা হয়। উল্লেখ্য যে, গত ২৯ সেপ্টেম্বরে আয়োজিত সংলাপে উপস্থাপিত সমস্যার সমাধানে করণীয় ঠিক করতে সংলাপটি আয়োজন করা হয়। অনুষ্ঠানের শুরুতে অ্যাডভোকেসি অ্যান্ড কমিউনিকেশন অফিসার তানজির উদ্দিন রনি পিপিটি-এর মাধ্যমে অংশগ্রহণকারীদের গত সংলাপে পাওয়া সমস্যাসমুহ তুলে ধরেন। এরপর সকলে সমস্যসমুহ সমাধানে দিকর্নিদের্শনা মুলক আলোচনা করেন।



**"রোহিঙ্গা ক্যাম্পের ভিতরে বসবাসরত স্থানীয় জনগোষ্ঠীর ভোগান্তিমুক্ত যাতায়াত নিশ্চিত করতে আমরা সবসময় কাজ করে যাচ্ছি"**–মো: আসাদুজ্জামান, অতিরিক্ত পুলিশ সুপার, এপিবিএন

২৪শে নভেম্বর, ২০২১ আয়োজিত সংলাপে মোঃ আসাদুজ্জামান, এডিএসপি (এবিপিএন) বলেন, "আমরা সবসময় চেষ্টা করি ক্যাম্পের ভিতরে বসবাসকারী স্থানীয় লোকদের ঝামেলামুক্ত চলাচল নিশ্চিত করতে। আমি মনে করি তাদের উপযুক্ত পরিচয় প্রদান করলে কোন স্থানীয় লোকের ক্যাম্পের ভিতরে এবং বাইরে যাওয়ার বিষয়ে কোন বাধার সম্মুখীন হতে হবে না"। ইউএনএইচসিআর এর সহযোগিতায় কোস্ট ফাউন্ডেশন কতৃক আয়োজিত এই সংলাপে রোহিঙ্গা এবং স্থানীয় উভয়ই উপস্থিত ছিলেন। সহকারী সিআইসি মোঃ রুহুল কুদ্দুস এবং মোঃ আসাদুজ্জামান, এডিএসপি রোহিঙ্গা এবং স্থানীয় লোকদের দ্বারা উপস্থাপিত প্রশ্ন/সমস্যাগুলির সমাধান এবং সমাধানের পরিকল্পনা করেছেন। পকেট গেট বাড়ানোর বিষয়ে একজন অংশগ্রহণকারীর প্রশ্নের উত্তরে মোঃ আসাদুজ্জামান বলেন, "পকেট গেট বাড়ানোর বিষয়টি বাংলাদেশ সেনাবাহিনীর উপর নির্ভর করে, আমরা এ বিষয়ে সেনাবাহিনীর সাথে কথা বলতে পারি"



রোহিঙ্গা ক্যাম্পে যুবকদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

## “কোস্ট ফাউন্ডেশন ইউএনএইসসিআর এর সহযোগীতায় রোহিঙ্গা ক্যাম্পের যুবকদের দক্ষতা উন্নয়নে তিনটি ভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করছে



K¨v¤ú 1 I‡q÷ G †m¨vjvi c¨v‡bj ‡givgZ Ges iÿYv‡eÿb cwkÿY wb‡"Q AskMnbKvixiv | Qwe- ZvbwRi iwb

কোস্ট ফাউন্ডেশন ইউএনএইচসিআর এর সহযোগিতায় সামাজিক সংযোগ প্রকল্পের আওতায় স্যোলার প্যানেল মেরামত এবং রক্ষণাবেক্ষন, রাজমিস্ত্রি এবং এলপিজি র্বানার মেরামত ও রক্ষনাবেক্ষন বিষয়ে প্রশিক্ষণ প্রদান র্কাযক্রম শুরু করেছে। নভেম্বর, ২০২১ মাসে উক্ত প্রশিক্ষণ র্কাযকম শুরু হয়। ক্যাম্প ২২ এবং ১ ওয়েস্ট এ পৃথক চারটি ব্যাচের ট্রেনিং কার্যক্রমে মোট ৬০ জন রোহিঙ্গা যুবক এই প্রশিক্ষণে অংশ নিচ্ছে। স্যোলার প্যানেল মেরামত এবং রক্ষণাবেক্ষন ৪০ জন, রাজমিস্ত্রি এ ১০ জন এবং এলপিজি র্বানার মেরামত ও রক্ষনাবেক্ষন এ ১০ জন এই প্রশিক্ষণ গ্রহন করছে। কোস্ট ফাউন্ডেশন এবং এআইটি (একাডেমি অব ইনফরমেশন টেকনোলোজি) এর মধ্যে সম্পাদিত চুক্তির ভিত্তিতে এআইটি উক্ত প্রশিক্ষণ র্কাযক্রম পরিচালনা করছেন। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধিভুক্ত এই প্রতিষ্ঠান প্রতিটি ট্রেডের প্রশিক্ষণ শেষে প্রশিক্ষর্ণাথীদের মুল্যায়ণের ভিত্তিতে সনদ প্রদান করবে। কোস্ট আশা করছে প্রশিক্ষণ শেষে প্রশিক্ষর্ণথীরা তাদের দক্ষতা কাজে লাগাতে পারবে। কারিগরি দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ ছাড়াও কোস্ট সামাজিক সংযোগ প্রকল্পের আওতায় ক্লাব সদস্যদের নেতৃত্বের সক্ষমতা জোরদার করতে এবং সামাজিক সংযোগ বৃদ্ধিতে কার্যকর ভূমিকা রাখতে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করছে।

## কাজের লক্ষ্যমাত্রা ও র্অজন,নভেম্বর ২০২১

| কাজের নাম | লক্ষ্যমাত্রা | র্অজন |
|---|---|---|
| রোহিঙ্গা এবং স্থানীয় জনগোষ্ঠীর মধ্যে ডায়ালগ | ১ | ১ |
| অর্ধবার্ষিকী পরিকল্পনা সভা | ৩ | ৩ |
| রোহিঙ্গা এবং স্থানীয় যুবকদের মধ্যে ক্রীড়া প্রতিযোগীতা | ২ | ২ |

cZ¨vevmb bv nIqv chš© mvgvwRK ms‡hvM Ges kvwšÍc~Y© mnve¯'vb eRvq ivL‡Z BDGbGBmwmAvi Gi mn‡hvMxZvq 2022 mv‡ji I KvR Ki‡e †Kv÷ dvD‡Ûkb

## সম্প্রীতি, শান্তি এবং বিশ্বাসের উন্নয়ন



‡Ljv ïiæi Av‡M d‡Uv‡mk‡b `B`j | Qwe-kvnRvnvb

বাংলাদেশে রোহিঙ্গা অনুপ্রবেশের আজ প্রায় চার বছরেরও বেশি। উখিয়া ও টেকনাফের ৩৩টি ক্যাম্পে এখন লাখ লাখ রোহিঙ্গা বসবাস করছে। অনেক ক্যাম্প এলাকায় রোহিঙ্গা এবং স্থানীয় লোকেরা খুব কাছাকাছি বসবাস করে। প্রত্যাবাসনের বিলম্ব নিয়ে উভয় জনগোষ্ঠীর মধ্যে দিন দিন হতাশা বাড়ছে। প্রত্যাবাসনের আগে র্পযন্ত রোহিঙ্গা এবং স্থানীয় লোকেদের মধ্যে শান্তি ও সম্প্রীতি নষ্ট হওয়ার সম্ভাবনা তৈরি হওয়ার ঝুকি দিন দিন বাড়ছে। এই ধরনের পরিস্থিতি এড়ানোর কথা বিবেচনায় রেখে কোস্ট রোহিঙ্গা স্থানীয় জনগোষ্ঠীর মধ্যে সামাজিক সম্প্রীতি উন্নত করার জন্য একটি প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্পের আওতায় কোস্ট রোহিঙ্গা ও স্থানীয় যুবকদের মধ্যে একটি প্রীতি ফুটবল ম্যাচের আয়োজন করে। প্রতি দলে ৯ জন খেলোয়াড় নিয়ে গঠিত রোহিঙ্গা এবং স্থানীয় যুবকদের দুটি দল ৬০ মিনিটের ফুটবল ম্যাচ খেলে। ম্যাচের আগে উভয় দল একে অপরকে শুভেচ্ছা বিনিময় করে। খেলায় স্থানীয় যুবকরা ২-১ গোলে জয়ী হয়। খেলায় স্থানীয় ইউপি সদস্য হেলাল উদ্দিন উপস্থিত ছিলেন এবং উভয় দলের খেলোয়াড়দের হাতে পুরস্কার তুলে দেন।

প্রয়োজনে আরো তথ্য ও যোগাযোগের জন্য

COAST Foundation

কোস্ট ফাউন্ডেশন কক্সবাজার কেন্দ্র, ফোন:০৩৪১-৬৩১৮৬, মোবাইল:০১৭১৩-৩২৮৮২৭

ইমেইল: Jahangir.coast@gmail.com, ওয়েবসাইড: www.coastbd.net